নিশ্চিত করি শোভন
কর্মপরিবেশ,
সমৃদ্ধ হবে বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল
www.dife.tangail.gov.bd

## নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মহর আলী মোল্লা<br>উপ -মহাপরিদর্শক |
| সভার তারিখ | ০৫/০১/২০২৩ |
| সভার সময় | বেলা ২.০০ টায় |
| স্থান | সভাকক্ষ, উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল |
| উপস্থিতি | পরিশিষ্ট- কমিটির সদস্যগণের তালিকা |

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সদস্য সচিব জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২২-২৩ এর কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল এর ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কারী |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্য বিবরণী দৃঢ়ীকরণ | ১০-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানান। | ১০-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | নৈতিকতা কমিটির সদস্য সচিব |
| ০২ | নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | প্রতি কোয়ার্টারে অত্র কার্যালয়ের নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয় এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২২-২৩ এর সকল কার্যক্রম শতভাগ বাস্তবায়নের স্বপক্ষে সকলে মত দেন। | প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১টি সভা আয়োজন করতে হবে।<br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২২-২৩ এর কার্যক্রম সমূহ শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং সকল কর্মকর্তা-কর্মচারী |
| ০৩ | অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সদস্য সচিব জানান যে, কর্মপরিকল্পনা বাস্তবায়নে অংশীজন যেমন- দপ্তরের কর্মকর্তা-কর্মচারী/নাগরিক সেবা গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি) অংশগ্রহণে সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা রয়েছে। | প্রতি কোয়ার্টারে অংশীজনের অংশগ্রহণে ১টি করে সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ শতভাগ বাস্তবায়ন করতে হবে। | নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং সকল কর্মকর্তা-কর্মচারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | অত্র কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সুশাসন সংক্রান্ত যেমন- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার আইন, চাকরি সংক্রান্ত যেমন- চাকরী আইন, চাকরি বিধিমালা, সচিবালয় নির্দেশমালা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা করা হবে মর্মে সভায় জানানো হয়। | প্রতি কোয়ার্টারে একটি করে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সদস্য সচিব |
| ০৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি | কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে তিনটি কার্যক্রমের বিষয়ে আলোচনা হয়। (কপি সংযুক্ত) | কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে তিনটি কার্যক্রমের শতভাগ বাস্তবায়ন করতে হবে। (কপি সংযুক্ত) | সদস্যসচিব |
| ০৬ | ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ | অত্র কার্যালয়ের ওয়েবসাইট তথা তথ্য বাতায়ন (www.dife.tangail.gov.bd) এ সরকার কর্তৃক সেবা জনগণের দ্বারে পৌঁছে দেয়ার নিমিত্তে চালুকৃত টোল ফ্রি ফোন নম্বরসমূহ দৃশ্যমান করা এবং শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিত হালনাগাদকরণ করা হয় মর্মে সদস্য সচিব বলেন। এছাড়া স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয় মর্মে সভায় উপস্থাপন করা হয়। | অত্র কার্যালয়ের ওয়েবসাইট তথা তথ্য বাতায়ন (www.dife.tangail.gov.bd) প্রতি কোয়ার্টারে যথাসময়ে-<br>ক. সরকার কর্তৃক সেবা জনগণের দ্বারে পৌঁছে দেয়ার নিমিত্তে চালুকৃত টোল ফ্রি ফোন নম্বরসমূহ দৃশ্যমান<br>খ. শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ<br>গ. তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ<br>ঘ. অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ এবং<br>ঙ. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | নৈতিকতা কমিটির সদস্য সচিব |
| ০৭ | ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রস্তুত করে নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | নৈতিকতা কমিটির সদস্য সচিব |
| ০৮ | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণের বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | শিশুশ্রম নিরসনের জন্য গৃহীত একবছর মেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন | শিশুশ্রম নিরসনের জন্য গৃহীত একবছর মেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ/মূল্যায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ২০২২-২৩ অর্থ বছরের শ্রমে নিয়োজিত শিশুর তথ্য সংগ্রহ, ডাটাবেজ হালনাগাদকরণ ও শিশুশ্রম নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়। | ১. অত্র কার্যালয়ে শিশুশ্রম নিরসনের জন্য গৃহীত একবছর মেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>২. ২০২২-২৩ অর্থ বছরের শ্রমে নিয়োজিত শিশুর তথ্য সংগ্রহ ও শিশুশ্রম নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সকল কর্মকর্তা-কর্মচারী ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১০ | শ্রম আইন, ২০০৬ এবং শ্রম বিধিমালা,২০১৫ অনুযায়ী উপমহা পরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল কর্তৃক টাঙ্গাইল জেলার অবস্থিত কারখানা ও প্রতিষ্ঠান হতে নতুন লাইসেন্স ও নবায়নের জন্য প্রাপ্ত আবেদনের ১০০% নিস্পত্তি নিশ্চিতকরণ | শ্রম আইন, ২০০৬ এবং শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল কর্তৃক টাঙ্গাইল জেলার অবস্থিত কারখানা ও প্রতিষ্ঠান হতে প্রাপ্ত আবেদনের শতভাগ লাইসেন্স প্রদান/ নবায়ন প্রদান নিশ্চিতকরণ বিষয় নিয়ে আলোচনা হয়। ডিসেম্বর/২০২২ মাস পর্যন্ত মোট ৮৩২ টি আবেদন পাওয়া যায় প্রাপ্ত আবেদনের শতভাগই নিষ্পত্তি করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | শ্রম আইন, ২০০৬ এবং শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল কর্তৃক টাঙ্গাইল জেলার অবস্থিত কারখানা ও প্রতিষ্ঠান হতে প্রাপ্ত আবেদনের শতভাগ লাইসেন্স প্রদান/নবায়ন প্রদান নিশ্চিতকরণ করতে হবে। | উপমহাপরিদর্শক ও সকল পরিদর্শক |
| ১১ | শ্রম আইন,২০০৬ এবং এ সংক্রান্ত বিদ্যমান সেবা সহজীকরণ নির্দেশিকা অনুযায়ী টাঙ্গাইল জেলায় অবস্থিত কারখানার লে-আউট প্লান অনুমোদনের জন্য প্রাপ্ত আবেদনের ১০০% নিস্পত্তি নিশ্চিতকরণ | শ্রম আইন,২০০৬ এবং এ সংক্রান্ত বিদ্যমান সেবা সহজীকরণ নির্দেশিকা অনুযায়ী টাঙ্গাইল জেলা হতে প্রাপ্ত আবেদনের শতভাগ লে-আউট প্লান অনুমোদন নিশ্চিতকরণ বিষয় নিয়ে আলোচনা হয়। ডিসেম্বর/২২ মাস পর্যন্ত ২১ টি আবেদন পাওয়া যায়। প্রাপ্ত আবেদনের শতভাগই নিষ্পত্তি করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | শ্রম আইন,২০০৬ এবং এ সংক্রান্ত বিদ্যমান সেবা সহজীকরণ নির্দেশিকা অনুযায়ী টাঙ্গাইল জেলার কারখানাসমূহ হতে প্রাপ্ত আবেদনের শতভাগ লে-আউট প্লান অনুমোদন নিশ্চিতকরণ বাস্তবায়ন করতে হবে। | উপমহাপরিদর্শক ও সকল পরিদর্শক |
| ১২ | উত্তমচর্চার তালিকা প্রণয়ন | অত্র কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে উত্তমচর্চার তালিকা প্রণয়ন বিষয়ে আলোচনা করা হয়। | অত্র কার্যালয়ের উত্তমচর্চা হলো:<br>১. দাপ্তরিক কাজে ১০০% ইউনিকোডের ব্যবহার, ২.অনলাইন চালান ভেরিফিকেশন, ৩. ভিডিও কনফারেন্সের আয়োজন, ৪.সিটিজেন চার্টারসহ বিভিন্ন হটলাইন প্রদর্শন। ৫.নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ। ৬.প্রমীত বাংলা ব্যবহার। ৭.লাইসেন্স গ্রহণের ক্ষেত্রে সেবা সহজীকরণ। ৮.বিদুৎ,পানি,জ্বালানীর সাশ্রয়ী সর্বোত্তম ব্যবহার। ৯. তথ্য বাতায়নে স্ব প্রণোদিত তথ্য হালনাগাদকরণ। | ১. নৈতিকতা কমিটির সদস্য সচিব<br>২. আসাদুজ্জামান |
| ১৩ | স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ | দপ্তরে সিটিজেন চার্টার্ স্থাপন, অভিযোগ প্রতিকার ব্যবস্থার সেবাবক্স স্থাপন, গণশুনানীর আয়োজন, সচিবালয় নির্দেশমালা অনুযায়ী অফিস ব্যবস্থাপনা যেমন- ই-নথি, অফিস পরিদর্শন এবং ক্রয় পরিকল্পনা নিয়ে আলোচনা হয়। | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী অফিস ব্যবস্থাপনা যেমন-ই-নথি চালু, অফিস/শাখা পরিদর্শন এবং পিপিএ, ২০০৬ ও পিপিআর,২০০৮ অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ১. উপমহাপরিদর্শক<br>২. সকল কর্মকর্তা/ কর্মচারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | বিবিধ | ক. সকল প্রতিবেদন ও মাসিক প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ<br>খ. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ ও নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ করতে হবে মর্মে সভায় সভাপতি উল্লেখ করেন। | ক. সকল প্রতিবেদন ও মাসিক প্রতিবেদন নিয়মিত প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>খ. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ ওয়েবসাইটে আপলোডকরণ ও নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রধান কার্যালয়ে দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ করতে হবে। | সদস্য সচিব, নৈতিকতা কমিটি। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




মহর আলী মোল্লা
উপ -মহাপরিদর্শক

স্মারক নম্বর: ৪০.০১.৯৩০০.১০৪.১৬.০১৭.১৯.১২

তারিখ: ২৬ পৌষ ১৪২৯
১০ জানুয়ারি ২০২৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২) উপ মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৩) শ্রম পরিদর্শক (সকল), উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল
৪) অফিস কপি



দীপঙ্কর দাস
সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য-১